অবৈধ অস্ত্র ঠেকিয়ে আ’লীগকে নিশ্চিহ্ন করতে চাচ্ছে আঞ্চলিক দলগুলো: দীপংকর

নিজস্ব প্রতিনিধি:

আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য দীপংকর তালুকদার বলেছেন, অবৈধ অস্ত্র ঠেকিয়ে ও নেতাকর্মীদের উপর হামলা করে আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করতে আঞ্চলিক দলগুলো উঠে পড়ে লেগেছে।

তিনি বলেন, আওয়ামী লীগ সরকারে থাকুক আর নাই থাকুক আওয়ামী লীগের আদর্শের প্রতি এখনকার সাধারণ মানুষ ভিষনভাবে আস্থা রেখেছে। তাই আওয়ামী লীগকে কখনোই নিশ্চিহ্ন করা সম্ভব নয়।

তিনি বলেন, আঞ্চলিক দলগুলো বুঝতে পেরেছে যতই দিন গড়াচ্ছে আওয়ামী লীগ ততই শক্তিশালী হচ্ছে এবং আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে তাদের এই অবৈধ অস্ত্র চাঁদাবাজির বিরুদ্ধে প্রতিবাদ করবে তাই তারা নেতাকর্মীদের উপর হামলা চালাচ্ছে।

তিনি বলেন, আমরা মনে করি যার যার রাজনীতি সে সে করবে। সাধারণ জনগণদের বোঝানোর দায়িত্ব রাজনৈতিক কর্মীদের। তারা তাদের রাজনৈতিক আদর্শের কথা বলবেন। জনগণই সিদ্ধান্ত নেবে তারা কি করবে কি করবেনা। এভাবে সহিংস সন্ত্রাসীর মাধ্যমে জনগণকে জিম্মি করা। অবৈধ অস্ত্র নিয়ে ঘোরাফেরা করা আমরা কখনো সমর্থন করিনি ভবিষ্যতেও করবোনা।

বিলাইছড়ি উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রাসেল মারমার উপর আঞ্চলিক দলের সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে বুধবার (০৬ডিসেম্বর) সকালে বিলাইছড়ি দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় তিনি এসব কথা বলেন।

বিলাইছড়ি উপজেলা আওয়ামী লীগ সভাপতি সুরেশ কান্তি তংচঙ্গ্যার সভাপতিত্বে সমাবেশে জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জমির হোসেন জমির, সদস্য জয়সেন তংচঙ্গ্যা, বিলাইছড়ি উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অভিলাষ তংচঙ্গ্যাসহ অন্যান্য নেতৃবৃন্দরা বক্তব্য দেন। অনুষ্ঠান পরিচালনা করেন বিলাইছড়ি উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এসএম শাহীদুল ইসলাম।

সমাবেশের আগে দীপংকর তালুকদার আহত রাসেল মারমাকে দেখতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যান। উন্নত চিকিসার্থে তিনি রাঙামাটি জেনারেল হাসপাতালে রাসেলকে নিয়ে আসেন।

মঙ্গলবার (৫ ডিসেম্বর) সন্ধ্যায় বিলাইছড়ি নলছড়া এলাকায় দুর্বৃত্তরা আওয়ামী লীগ নেতা রাসেল মারমার উপর হামলা চালালে তিনি গুরুতর আহত হন। পরে তাকে নেতাকর্মীরা উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করান।